সুরকার রবীন চট্টোপাধ্যায়

সংকলন সহায়তা: সোমনাথ চট্টোপাধ্যায়(পুত্র)

গ্রন্থন সহায়তা: সুশান্ত চট্টোপাধ্যায়

সুরকার রবীন চট্টোপাধ্যায় বাংলা গানের জগতে বিশেষতঃ সিনেমার গানের জগতে বিখ্যাত মানুষ। সিনেমার সঙ্গীত পরিচালকরূপে তাঁর স্থান হেমন্ত মুখোপাধ্যায়ের পরে। তিনি হলেন বাঙলা চিত্রজগতের দ্বিতীয় সফলতম সঙ্গীত পরিচালক। কিন্তু তাঁর মৃত্যুর পর চার দশক অতিক্রান্ত হয়ে গেলেও কেউ তাঁর স্মৃতিকে ধরে রাখার চেষ্টা করেন নি। দরিদ্র বাঙালীর অন্নচিন্তা চমৎকার। তাই নিজেদের মহাপুরুষদের মনে রাখার মানসিকতা কারও নেই। অনেক বিখ্যাত বাঙালী তাঁদের হতদরিদ্র উত্তরসুরির অবজ্ঞার শিকার হয়ে বিস্মৃতির অতলে তলিয়ে গেছেন। রবীনবাবুও সেই সৌভাগ্যের অধিকারী হতে যাচ্ছিলেন। ঈশ্বরের করুণায় তাঁর পুত্রের সঙ্গে বঙ্গদর্শনের যোগাযোগ হয়ে গেল। সেই সূত্র ধরে বছর পাঁচেক আগে তৈরী করা তাঁর গানের তালিকার সঙ্গে একটি ছোট জীবনী পাঠকের হাতে তুলে দেওয়া সম্ভব হচ্ছে। এই জীবনী খুবই সংক্ষিপ্ত ও তাঁর কর্মকাণ্ডকে বিবৃত করার পক্ষে যথেষ্ট নয়। যাঁরা রবীনবাবুর সঙ্গে কোনভাবে যুক্ত ছিলেন, তাঁরা তাঁদের জানা ঘটনাবলী ও স্মৃতিচারণা করে মনে পড়া তথ্যাবলী আমাদের জানালে জীবনীটি আরও পূর্ণাঙ্গরূপে বিকশিত করা সম্ভব হবে। তাঁর ছবি বা তাঁকে দেখা যাচ্ছে এমন সব ছবি আমাদের দিলে কাজটি আরও ভাল ভাবে সম্পন্ন করা যাবে। এই সব তথ্য bangodarshan@gmail.com ঠিকানায় মেল করে দিন।

যুবক রবীন

মধ্যবয়সে রবীন

প্রৌঢ় রবীন

১৯১৮ খ্রীষ্টাব্দের জানুয়ারী মাসের ৮ তারিখে কালীঘাট অঞ্চলের ২২/বি প্রতাপাদিত্য রোডের বাড়ীতে রবীনবাবুর জন্ম। পিতার নাম নলিনী মোহন চট্টোপাধ্যায়, মাতা চারুশীলা। আইনজীবী নলিনীমোহনের তিনি তৃতীয় পুত্র এবং সন্তানদের মধ্যে পঞ্চম। তাঁরা সরসুনার বিখ্যাত চট্টোপাধ্যায় পরিবারের লোক। পিতা মাতার দেওয়া নাম রবীন্দ্রনাথকে রবীন বাবু নিজেই সংক্ষিপ্ত করে নেন। উল্লেখ্য রবীনবাবুর প্রিয় নায়ক গায়ক রবীন মজুমদারের নামের ইতিহাসও অনুরূপ। রবীনবাবুর বড় দাদা অমরনাথ স্বাধীনতা সংগ্রামী ছিলেন। তাঁর অন্য দাদা সত্যেন্দ্রনাথ চট্টোপাধ্যায় অধ্যাপক ছিলেন। তাঁর জ্যাঠতুতো দাদা যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক বিখ্যাত পদার্থবিজ্ঞানী শ্যামাদাস চট্টোপাধ্যায়। রবীনবাবুর মাতা চারুশীলা ভাগলপুরের বাজবাড়ীর জমিদারবংশ ব্যনার্জী পরিবারের ব্যবহারজীবি গোপাল ব্যানার্জীর মেয়ে। পরিবারের মধ্যে শিক্ষার প্রচলন থাকায় রবীন ছোটবেলা থেকেই পড়াশুনায় মনোযোগী ছিলেন। প্রাথমিক শিক্ষার পর তাঁকে সাউথ সুবার্বন স্কুলে ভর্তি করে দেওয়া হয়। সেখান থেকে এণ্ট্রান্স পাস করার পর তিনি আশুতোষ কলেজে ইণ্টারমিডিয়েট ও তার পর ইংরেজীতে অনার্স নিয়ে বি এ পাস করেন। ছাত্রজীবনে তিনি খেলাধুলাতে বেশ উৎসাহী ছিলেন। এক সময় তিনি মোহনবাগানের জুনিয়র দলে খেলেছেন। গানের শখ ছেলেবেলা থেকেই ছিল। তবে পরিবারে কেউ সঙ্গীতানুরাগী বা সঙ্গীতজ্ঞ ছিলেন না। রবীনবাবু গান গাইতেন। বন্ধুমহলে, এমন কি ক্লাবের ফাংশনেও গান গাইতেন। তাঁর সর্বাধিক প্রিয় শিল্পী শচীনদেব বর্মণ। তাঁর গানই বেশী গাইতেন। রবীনবাবু

নিজের কণ্ঠের গানের বেসিক রেকর্ডও বেরিয়েছিল বলে জানিয়েছেন তাঁর ছেলে। দুর্গা সেন, হিমাংশু দত্ত ও সুবোধ দত্তগুপ্তের সুরে ১৯৪০-৪৫ খ্রীষ্টাব্দে তিনি বেশ কয়েকটি বেসিক রেকর্ডে গান করেন। এগুলির সন্ধান পেলে বিবরণ এখানে সংযোজিত হবে। গানের নেশা রবীনবাবুকে এমন ভাবে পেয়ে বসেছিল যে তিনি চাকরি-বাকরি বা অন্যকিছুর পরিবর্তে গানের জগতে সুযোগ খুঁজতে বেশীরভাগ সময় ব্যয় করতেন।

রবীনবাবু সুদর্শন সুপুরুষ ছিলেন। ছ ফুট এক ইঞ্চি লম্বা রবীনবাবু সুদেহী। তাঁর ছাতি ছিল চুয়াল্লিশ ইঞ্চি। ধপধপে সাদা আরদির গিলে করা পাঞ্জাবী আর সরুপাড়ের ধুতিতে রবীনবাবুকে খুবই অভিজাত দেখাত। তাঁর নায়কোচিত চেহারার জন্য তিনি সহজেই দৃষ্টি আকর্ষণ করতেন। খেলার মাঠেও তিনি বেশ সুপরিচিত ছিলেন। যদিও তিনি খেলায় তেমন নাম করতে পারেন নি, তবে বন্ধু এবং পরিচিতের সংখ্যা অনেক হয়েছিল। মোহনবাগান ক্লাব শুধু ফুটবলই নয় সেযুগের দেশপ্রেমের এবং স্বদেশচেতনার পীঠস্থান ছিল। বাঙালী সমাজের শ্রেষ্ঠ ব্যক্তিত্বরা মোহনবাগানের সঙ্গে জড়িত ছিলেন। বঙ্গভঙ্গ আন্দোলনের পরবর্তী দশকগুলিতে মোহনবাগান আর জাতীয়তাবাদ সমার্থক ছিল। রবীনবাবুর কর্মজীবনে প্রবেশের ক্ষেত্রে মোহনবাগানের পরিচিতির যথেষ্ট গুরুত্ব ছিল।

কণ্ঠসঙ্গীতে রবীনবাবুর যতটা উৎসাহ ছিল ততটাই ছিল যন্ত্রসঙ্গীতে। তিনি বিভিন্ন লোকের কাছে শিখে বহু রকমের বাদ্যযন্ত্র বাজানোটা আয়ত্ত করেছিলেন। কটেজ/গ্র্যাণ্ড পিয়ানো থেকে বেহালা, আড় বাঁশী, ব্রাস ফ্লুট, হারমোনিয়াম, তবলা, ঢোলক, স্যাক্সোফোন, অ্যাকর্ডিয়ান প্রায় সব কিছুই তিনি বাজাতে শিখেছিলেন নিজের চেষ্টায়। তবে আড় বাঁশী বেশ কিছুদিন শিখেছেন পান্নালাল ঘোষের কাছে। আর সেতার বাজানো শিক্ষা করেছিলেন গোকুল নাগের কাছে এবং সরোদ বাজানো শিক্ষা করেছিলেন তাঁর গুরু তিমিরবরণের কাছে। তিনি সেকালের বাদ্যযন্ত্রীদের সঙ্গে মেলামেশা করে আর নিজে মিউজিসিয়ান হওয়ার পরে অর্কেষ্ট্রার সব জিনিসই চেষ্টা করতেন বাজানোর। হোটেলের ব্যাণ্ডের মিউজিসিয়ানরা সকলেই কর্মসূত্রে তাঁর পরিচিত ছিলেন। এঁদের কাছে পাশ্চাত্য সঙ্গীত নির্ভর সব ইনস্ট্রুমেণ্ট তিনি বাজাতে শিখেছিলেন। এর ফলে তাঁর টেকনিক্যাল সেন্স খুব প্রখর হয়ে উঠেছিল। সঙ্গীতজীবনের প্রথম দশ বছরের মধ্যেই তিনি অল রাউণ্ডার মিউজিসিয়ান হয়ে উঠেছিলেন। কণ্ঠসঙ্গীতে তাঁর গুরু অনেক। তবে প্রধান হলেন মানবেন্দ্র মুখোপাধ্যায়ের কাকা রত্নেশ্বর মুখোপাধ্যায়। তাছাড়া সিদ্ধেশ্বরী দেবীর কাছে লাইট ক্ল্যাসিক্যাল শিখেছেন বেশ কিছুদিন। রবীন্দ্রসঙ্গীত শিখেছেন অনাদি ঘোষ দস্তিদারের কাছে। অল্প সময়ের জন্য তাঁদের সৃষ্টি করা গান শিখেছেন, কাজী নজরুল, আঙুরবালা, রাধারাণী দেবীর (চিত্রনাট্যকার ও লেখক নৃপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ্যায়ের স্ত্রী) কাছে। তুলসী চক্রবর্তীর কাছে পুরাতনী শিখেছেন মনোযোগ দিয়ে। কেরী সাহেবের মুন্সী ছবিতে সন্ধ্যা মুখোপাধ্যায়ের গাওয়া “ননদিনী বলো নগরে” গানে পুরাতনী ঢঙে তাঁর জ্ঞানের গভীরতা প্রকাশ পেয়েছে। এছাড়া বেশ কিছুদিন শাস্ত্রীয় সঙ্গীত শিখেছেন বম্বের মারাঠী গায়ক কেশব গণেশ ডেকনের কাছে।

প্রায় ছাত্রজীবন থেকে চেষ্টা করতে থাকা রবীন চট্টোপাধ্যায়ের প্রথম সুযোগ এসেছিল নীরেন লাহিড়ীর অনুগ্রহে। নীরেন বাবু রবীনের গান বাজনার খবর কিছুটা শুনেছিলেন। কথা বলে বেশ ভাল লেগেছিল তাঁর। তিনিই অনুপম ঘটককে বলে রবীনকে মিউজিসিয়ান বা বাদ্যযন্ত্রীর কাজ পাইয়ে দেন। এর আগে অর্কেষ্ট্রার দলে বাজিয়েছেন রবীন দুচারবার। এই সময় থেকেই তিনি মধু বসু ও সাধনা বসুর নাচের প্রোগ্রামে বাদ্যযন্ত্রী হিসাবে কাজ করেছেন। অনুপম ঘটক রবীন চট্টোপাধ্যায়কে সুযোগ করে দিলেন হাত খুলে কাজ করার। তরুণ রবীনও অনুপম ঘটকের সব কাজে ইনভল্ভড হয়ে যেতেন। অ্যারেঞ্জারের কাজ, রিহার্সালের কাজ, যোগাযোগ রক্ষা করা, সব ক্ষেত্রেই রবীন অনুপমের কাজের চাপ অনেকে হালকা করে দিতেন। শেখার

আগ্রহে রবীন প্রায় অতি উৎসাহী সহযোগী হয়ে উঠলেন। মিউজিক ডাইরেকশন বা কম্পোজারের কাজ শেখার ব্যাপারে তিনি খুবই আগ্রহী ছিলেন। ফলে অনুপমের সব কাজই তিনি শিখে নেবার চেষ্টা করতেন। অনুপমও যোগ্য সহকারী পেয়ে তাঁকে যতটা সম্ভব গাইড করতেন। দেখতে দেখতে প্রথম বছরেই গানের সুর করার সুযোগ এসে গেল। পি সি বড়ুয়ার শাপমুক্তি ছবিতে অনুপমের কাছে তখন মিউজিসিয়ানের কাজ করছেন রবীন চট্টোপাধ্যায়। বেশ কিছুদিন অসুস্থ হয়ে কাজে আসতে পারছিলেন না অনুপম ঘটক। ছবির কাজ এগোতে পারছে না। সাত পাঁচ ভেবে বড়ুয়া সাহেব রবীনকে বললেন তুমি দেখ না, যদি একটা গানে সুর করে রেকর্ড করে দিতে পার। রবীন তো হাতে চাঁদ পেয়ে গেলেন। বললেন আপনি অনুমতি দিলে চেষ্টা করতে পারি। মোটামুটি একটা ব্যবস্থা করে, সুপ্রভা সরকারের কণ্ঠে "একটি পয়সা দাও গো বাবু" গানটি রেকর্ড করে ফেললেন রবীন চট্টোপাধ্যায়। শুনে খুবই সন্তুষ্ট হলেন বড়ুয়া সাহেব। তাঁর ইচ্ছা ছিল ক্রেডিটে রবীন চট্টোপাধ্যায়ের নামে এই গানটির কথা লেখা হোক। কিন্তু অনুপম রাজী হলেন না। প্রায় নবীশ রবীনের নাম তিনি তাঁর কাজের জগতে লিখতে দিলেন না।

অনুপম ঘটকের কাছে কাজ করতে করতেই মিউজিক অ্যারেঞ্জমেন্টের কাজটিতে বেশ দক্ষতা অর্জন করলেন রবীন। তাঁর ব্যক্তিত্ব এ ব্যাপারে খুবই কাজে লেগেছিল। অভিজাত চেহারার ও অভিজাত সাজপোষাকে রবীনকে সাধারণের থেকে অনেক গুরুত্বপূর্ণ দেখাত। অনেকেই তাঁকে মালিকপক্ষের লোক ভাবতেন। কর্মীরা এবং বাদ্যযন্ত্রীরা তাঁকে সমীহ করে চলত। তাঁর নিজে সব কিছু বাজানোর ক্ষমতা এক দিনে হয়নি। তিনি যন্ত্রীদের কণ্ট্রোল করতে গিয়ে সব কিছু ভাল করে রপ্ত করে নিয়েছেন। সেটা ঘটার পরে কারও পক্ষে রবীনকে চ্যালেঞ্জ করা সহজ ছিল না। তিনি নিজে করে দেখিয়ে দিতেন। কিছুদিনের মধ্যেই সব সুরকাররাই রবীনের কথা জেনে গেলেন। রবীনও সকলের সঙ্গে যোগাযোগা তৈরী করার চেষ্টা করতেন। তিমিরবরণের সঙ্গে কাজ করায় তিনি খুবই উৎসাহী ছিলেন। কলকাতায় অর্কেষ্ট্রা বা বাদ্যবৃন্দের প্রথম পরিচালক তিমিরবরণ ভট্টাচার্য। রবীনের মত মাল্টিফাংশন আর্টিষ্ট পেলে তাঁরও সুবিধা। অনেক ক্ষেত্রেই তিমিরবরণের অর্কেষ্ট্রার পরিবর্ধন বা বিস্তারের কাজ করেছেন রবীন চট্টোপাধ্যায়। নিজে সুরকারের কাজ আরম্ভ করার পরেও তিনি তিমিরবরণ, শচীনদেব, দুর্গা সেন এবং শেষের দিকে ক্ষেমচন্দ্র প্রকাশের সহযোগীর কাজ করেছেন। অনেকগুলি সিনেমায় তিনি এঁদের সহযোগী সঙ্গীত পরিচালক ছিলেন।

প্রথম স্বাধীনভাবে সঙ্গীত পরিচালনার কাজের সুযোগ এসেছিল মোহনবাগান ক্লাবের কানেকশনে। চিত্র পরিচালক পশুপতি চট্টোপাধ্যায় তাঁর পরিচিত অনিল দে'র (মোহনবাগানের অধিনায়ক, পরে ভারতীয় দলেও খেলেছেন) সঙ্গে একটি সুদর্শন যুবককে দেখেন মোহনবাগানে ক্লাবের কাছাকাছি। তিনি পরিচয় জিজ্ঞাসা করে জানতে পারেন, ফুটবল খেলা ছাড়াও যুবকটি গান বাজনায় পারদর্শী। তিমিরবরণও পশুপতিকে রবীন চট্টোপাধ্যায়ের গুণ বা দক্ষতার কথা বলেছিলেন। অল্পক্ষণ কথা বলার পরে রবীনকে তাঁর বেশ ইম্প্রেসিভ মনে হয়। সেই সময় পরিণীতা ছবির কাজ আরম্ভ হওয়ার ব্যাপারে ব্যস্ত ছিলেন পশুপতি চট্টোপাধ্যায়। তাঁর মনে হলো রবীন বোধ হয় সঙ্গীত পরিচালকের কাজটা ভাল ভাবে করতে পারবে। তিনি ব্যাপারটি ভেবে রবীন চট্টোপাধ্যায়কে জিজ্ঞাসা করলেন যে পরিণীতা ছবিতে সঙ্গীত পরিচালকের কাজটা সে করতে পারবে কি না। রবীন সঙ্গে সঙ্গে উৎসাহ দেখালেন। পশুপতি জানালেন তাঁকে খবর দেওয়া হবে। দিন কয়েকের মধ্যেই কালীঘাটের বাড়ীতে রবীন চিঠি পেলেন সিঁথির এম পি ষ্টুডিওতে গিয়ে কর্তৃপক্ষের সঙ্গে দেখা করতে। এম পি প্রডাকশনের কর্ণধার মুরলী চট্টোপাধ্যায় তাঁকে ইন্টারভিউ করে সন্তুষ্ট হয়ে পরিণীতা ছবিতে সঙ্গীত পরিচালক নিযুক্তির ইচ্ছা প্রকাশ করেন। অল্প সময়ের মধ্যেই কণ্ট্রাক্ট ফর্ম সই করানো হয়। কিছু পরে একটি খাম রবীনকে দেওয়া হয়। তাঁকে সেটি খুলতে মানা করা হয়। বাইরে এসে খুলে দেখেন, মাসিক ১২০০ টাকা পারিশ্রমিকে তাঁকে এম পি প্রডাকশনের মিউজিক ডাইরেক্টর নিযুক্ত করা হয়েছে। আশার

অতিরিক্ত সুযোগ এবং কল্পনার বাইরে পারিশ্রমিকের পরিমাণ দেখে প্রায় আত্মহারা হয়ে যান রবীন। তিনি আবার দেখা করতে গেলে, মুরলী বাবু মাইনে কম হয়েছে কিনা জিজ্ঞসা করেন। রবীন বলেন, এর বেশী তিনি আশা করেন না। তাঁর পক্ষে এই মাইনে যথেষ্ট বেশী। কিন্তু তিনি সঙ্গীত পরিচালকেরে নিযুক্তির জন্য কৃতজ্ঞতা প্রকাশ করতে ফিরে এসেছেন। তারপর থেকে রবীন তাঁদের আস্থাভাজন হয়ে গেলেন। সেই বছরে আর একটি সুযোগ পেলেন রবীন। শচীনদেব বর্মণ পরিচালিত "অভয়ের বিয়ে" ছবিতে সহকারী সঙ্গীত পরিচালকের কাজে নিযুক্ত হয়ে, ব্যাকগ্রাউণ্ড ও অ্যারেঞ্জমেণ্টের কাজটি করার সুযোগ পেলেন রবীন। ছবির ক্রেডিটে শচীনদেবের সঙ্গে তাঁর নামও দেখানো হল। ১৯৪২ খ্রীষ্টাব্দে অভয়ের বিয়ে মুক্তি পেল। একই বছরে মুক্তি পেল পরিণীতা। রবীন জাতে উঠে গেলেন। লোকে তাঁকে সঙ্গীত পরিচালক ভাবতে শুরু করলো। সঙ্গীত পরিচালকেরা তাঁকে সুযোগ্য অ্যারেঞ্জার মনে করতে লাগলেন। নিজের মনের মত কাজের সুযোগ পেয়ে রবীন ডুবে গেলেন প্রজেক্টগুলিকে সফল করার প্রচেষ্টায়। সব সময় শিখতে থাকলেন। যার কাছে সম্ভব, যে কোন কাজ তিনি শিখে নেওয়ার চেষ্টা করতে থাকলেন। তাঁর এই অধ্যবসায় তাঁকে পরবর্তী কালে এগিয়ে যাওয়ায় সাহায্য করেছে।

১৯৪২ থেকে ১৯৪৫ পর পর রবীনের সুর দেওয়া ছবি মুক্তি পেল। ছবিগুলি হল পরিণীতা, সমাধান, কত দূর ও পথ বেঁধে দিল। দ্বিতীয় মহাযুদ্ধের সময় সেই ব্ল্যাক আউটের বাজারে তখন সিনেমার জগতেও অন্ধকার। রবীন তাতেও ভাল ছবিতে কাজ করার সুযোগ পেয়েছিলেন এবং সুযোগের পুরোপুরি সদ্ব্যবহার করেছিলেন। দ্বিতীয় মহাযুদ্ধ শেষ হওয়ার পরেও দাঙ্গা দেশভাগ এই সব নিয়ে কলকাতা এবং পশ্চিমবঙ্গ অস্থির ছিল। হঠাৎ বাজার থেকে দুই তৃতীয়াংশ বাদ হয়ে গেল। সব মিলে পরিবেশ বেশ প্রতিকূল। কোটি কোটি উদ্বাস্তুর ভারে সমাজ নুয়ে পড়ল। চিত্রজগত তারই মধ্যে নতুন করে বাঁচার অঙ্গীকার গ্রহণ করল। ১৯৫০ এর মধ্যেই আবার লয় খুঁজে পেল চিত্রজগত। মোটামুটি পুরোদমেই কাজ চলতে থাকল। ১৯৪৬ ও ১৯৪৭ এ তিনটি ছবি মুক্তি পেল, সাত নম্বর বাড়ী, তুমি আর আমি, স্বপ্ন ও সাধনা। স্টার স্টাডেড তিনটি ছবিই হিট। রবীনের সুর, ব্যাকগ্রাউণ্ড মিউজিক সবই উচ্চ মানের। সাত নম্বর বাড়ীতে প্রথম প্লেব্যাকের সুযোগ করে দিলেন অনুজপ্রতিম হেমন্ত মুখোপাধ্যায়কে। হেমন্তকে এর পর আর কোনদিন ফিরে তাকাতে হয়নি। ১৯৪৮ এ যোগাযোগক্রমে রবীন চট্টোপাধ্যায়ের সঙ্গীত পরিচালনায় চারটি ছবি মুক্তি পেল। অনির্বাণ, বাঁকা লেখা, সাধারণ মেয়ে ও সমাপিকা। সমাপিকাতে প্রথম গান গাওয়ালেন সন্ধ্যা মুখোপাধ্যায়কে দিয়ে। এককভাবে সন্ধ্যা মুখোপাধ্যায়ই রবীন চট্টোপাধ্যায়ের সুরে সব চেয়ে বেশী গান গাওয়া শিল্পী। ষাটটি গান গেয়েছেন সন্ধ্যা মুখোপাধ্যায় রবীনবাবুর সুরে। সবই হিট। সমাপিকায় যোগাযোগ হল উদীয়মান পরিচালক দল অগ্রদূতের সঙ্গে। এই জুড়ি অনেক দিন অনেক ভাল ছবি উপহার দিয়েছে দর্শকদের। ১৯৪৯ সালে ছটি ছবি মুক্তি পেল রবীন চট্টোপাধ্যায়ের সঙ্গীত পরিচালনায়। এটি একটি রেকর্ড বা বিরল ঘটনা। তিরিশ বছর বয়সেই সর্বাধিক চাহিদার সঙ্গীত পরিচালক হয়ে গেলেন রবীন চট্টোপাধ্যায়। উনপঞ্চাশে মুক্তি পাওয়া ছটি ছবি হল: আভিজাত্য, বিদুষী ভার্যা, নিরুদ্দেশ, সমর্পণ, সঙ্কল্প, সিংহদ্বার। এগুলির স্টার কাষ্ট দেখলেই বোঝা যায় যে সবই হাই ইনভেষ্টমেণ্টের প্রজেক্ট। কোনটিই মিউজিক্যাল ছিল না। সবই সামাজিক ছবি। গানগুলিও সুখশ্রাব্য। এর মধ্যে তিনটি বিখ্যাত পরিচালক নীরেন লাহিড়ীর ছবি। ১৯৫০ সালে মুক্তি পেল দুটি ছবি। দুটিই এম পি প্রডাকশনের। বানপ্রস্থ ও বিদ্যাসাগর। বিদ্যাসাগর ছবিটি সকল শ্রেণীর দর্শককে মুগ্ধ করেছিল। নাম ভূমিকায় পাহাড়ী সান্যালের অভিনয় বাঙালী কোনদিন ভুলবে না। এই আপাত নীরস ছবিটিকে ব্যাকগ্রাউণ্ড স্কোর আর অল্পস্বল্প গানের সম্পদে সাজিয়েছিলেন রবীন চট্টোপাধ্যায়। পরিবেশের সঙ্গে মানানসই পরিমিত রসবোধের পরিচয় দিলেন তিনি। কেউ তাঁর থেকে এর কম কিছু আশা করেনি। দর্শকদের ও প্রযোজক-পরিচালকদের নিরাশ করেননি রবীন চট্টোপাধ্যায়। দেখতে দেখতে পুরোপুরি সঙ্গীত পরিচালক হওয়ার প্রথম পাঁচ বছরে পনেরটি ছবির সঙ্গীত

পরিচালনা করে ফেললেন তরুণ রবীন চট্টোপাধ্যায়। টোপাদা বা অমর দত্তের নাম চিত্র ও সঙ্গীতজগতের অনেকেই জানেন। সুর ও শ্রী অর্কেষ্ট্রা সংগঠনের কাজে তাঁর ভূমিকা সর্বাধিক গুরুত্বপূর্ণ। এই অর্কেষ্ট্রা ও ক্যালকাটা অর্কেষ্ট্রার শিল্পী বা যন্ত্রীদের সঙ্গে অত্যন্ত ঘনিষ্ট সম্পর্ক ছিল রবীনবাবুর। বিশালদেহী অভিজাত ভাবভঙ্গীর অল্পকথার রাশভারী মানুষ রবীনবাবুকে সবাই সমীহ করে চলত। তিনি নিজেই সকলের খোঁজ খবর নিতেন। ধরে ধরে শিখিয়েছেন অনেককে।

নিজগুণে রবীন সেযুগের মোষ্ট এলিজিবল ব্যাচেলার বলে পরিচিত হয়েছিলেন। লাইন পড়েছিল কিনা জানা যায়নি তবে সুপুরুষ সুদর্শন দীর্ঘদেহী রবীনের রূপই লেডি কিলার ছিল। গুণের কথা প্রকাশ্যে আসার পর তাঁর ভ্যালু অনেক বেড়ে যাওয়াটাই স্বাভাবিক। কিন্তু সদাব্যস্ত রবীন নিজের উদ্যোগে বিয়ের ব্যবস্থা করবেন এটা সম্ভব ছিল না। তখকার বিয়ে পারিবারিক দেখাশুনোর মাধ্যমে হবে এটাই স্বাভাবিক ছিল। অবশেষে ১৯৫০ সালেই রবীনের আইবুড়ো নাম ঘুচল। বাবা মায়ের পছন্দ করা মেয়ে অঞ্জলিকে বিয়ে করলেন রবীন। সাতক্ষীরা খুলনার বিখ্যাত গাঙ্গুলী পরিবারের মেয়ে অঞ্জলি। পিতার নাম অলকধন গাঙ্গুলী। পরিবারের প্রায় সকলেই আইনজীবী। এরা স্বাধীনতার কয়েক দশক পূর্বে কলকাতায় চলে আসেন। বড়বাজারে রতন সরকার গার্ডেন লেনে এঁদের বারটি শিবমন্দিরযুক্ত জমিদারবাড়ী এখনও বিদ্যমান। রবীনবাবুর বিবাহে চিত্রজগতের হু অ্যাণ্ড হু, সঙ্গীতজগতের প্রায় সকলে এসে থাকলেও আজ কোন ছবি আর পাওয়া যাচ্ছে না। এমনকি অঞ্জলিদেবীর কম বয়সের ছবিও নেই। যাঁরা এসব নিয়ে চর্চা করেন, যদি চোখে পড়ে, রবীনবাবুর বা তাঁর পরিবারের বা তাঁর কাজের বা সহযোগীদের যে কোন ছবি আমাদের মেল করে পাঠান bangodarshan@gmail.com ঠিকানায়। কালেকশন করতে হলে ঠিকানা জানান। আমাদের প্রতিনিধি গিয়ে ছবির কপি করে নিয়ে আসবে। অঞ্জলি দেবী ২০১৫ সালে দেহরক্ষা করেছেন। তাঁর স্বামীর মৃত্যুর পর উনচল্লিশ বছর তিনি বেঁচে ছিলেন। কিন্তু অকর্মা বাঙালী সমাজের কেউ তাঁর সঙ্গে কথা বলে অমর ঐতিহ্যকে রক্ষা করার চেষ্টা করেনি। ধিক আমাদের মিডিয়া হাউসগুলিকে। ধিক আমাদের সিনেমাজগতের অ্যাসোসিয়েশনকে। আর সরকারী অর্থে প্রতিপালিত আকাশবাণী ও দূরদর্শনের সুখী মানুষদের কথা না বলাই ভাল।

সঙ্গীত পাগল রবীনবাবু বিয়ের পরেও কাজে সমানভাবে লেগে থাকলেন। ১৯৫১ সালে রবীন চট্টোপাধ্যায়ের সঙ্গীত পরিচালনায় পাঁচটি ছবি মুক্তি পেল। এর চারটি এম পি প্রডাকশন্সের পঞ্চমটির প্রযোজক সনামধন্য দেবকী কুমার বসু। এম পি প্রডাকশন্সের চারটি ছবির দুটির পরিচালক অগ্রদূত, “বাবলা” এবং “সহযাত্রী”। এর মধ্যে বাবলা ছবিটি দর্শকদের মধ্যে অত্যন্ত জনপ্রিয় হয়েছিল। সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়ের একই নামের গল্পটির চিত্ররূপ বাঙালীর মনের তন্ত্রীতে অনুরণন তুলেছিল। বাকী ছবিগুলিও স্টার স্টাডেড বিগ বাজেট ছবি। সেগুলিও হিট হয়েছিল। রত্নদীপ ছবিটি তিনটি ভাষায় করা হয়েছিল বাঙলা, হিন্দী ও তামিল। দেবকীবাবু রবীন চট্টোপাধ্যায়কে তিনটি ছবির পারিশ্রমিক অর্থাৎ তিন পাঁচে পনের হাজার টাকা (২০১৮ দামে প্রায় চল্লিশ পঞ্চাশ লাখ টাকা) দিয়েছিলেন। এর পরেই বিভিন্ন কারণে রবীনের জয়যাত্রার রথ থমকে দাঁড়ায়। ১৯৫২ সালে মাত্র একটি ছবি মুক্তি পেল। নীরেন লাহিড়ীর পরিচালনায় শরৎচন্দ্রের অমর কাহিনী চিত্ররূপেও সুপার হিট। সেকালের সুন্দরী নায়িকা সুনন্দা বন্দ্যোপাধ্যায় এই ছবির প্রযোজক। ১৯৫৩-৫৪তে রবীনবাবুর কোন ছবি মুক্তি পায়নি। তারপর ১৯৫৫তে আবার ছটি ছবি মুক্তি পেল। আবার রেকর্ড। এবারে একটি সঙ্গীতবহুল ছবি “ভগবান শ্রী শ্রী রামকৃষ্ণ” মুক্তি পেল। ভক্তিমূলক গানের ছবিতে রবীনবাবু ধনঞ্জয় ভট্টাচার্য, শ্যামল মিত্র, জপমালা ঘোষ ও শাস্ত্রীয় সঙ্গীতের শিল্পী প্রসূন বন্দ্যোপাধ্যায়কে দিয়ে গান গাওয়ালেন। গানগুলি খুবই জনপ্রিয় হয়েছিল। দেবী মালিনী ছবিতে অনুপম ঘটকের সঙ্গে যৌথভাবে সঙ্গীত পরিচালনা করেন রবীনবাবু। এই ছবির “তুমি গোকুলপতি শ্যাম” গানটি আজও সমান জনপ্রিয়। শ্রীবৎস চিন্তা পৌরাণিক ছবি। সঙ্গীতবহুল এই ছবিতে ধনঞ্জয় ভট্টাচার্যকে দিয়ে গান গাওয়ালেন রবীনবাবু। তার সঙ্গে সুন্দরভাবে

ব্যবহার করলেন সন্ধ্যা মুখোপাধ্যায়, উৎপলা সেন, সুপ্রীতি ঘোষদের। নতুন শিল্পী আলপনা বন্দ্যোপাধ্যায় ও এই ছবিতে গান করলেন। সামাজিক ছবি গোধূলি ও পরিশোধ মাঝারি মানের হয়েছিল। বক্স অফিসে মোটামুটি সফল। তবে সবার ওপরে উত্তম সুচিত্রার ছবি "সবার উপরে"। রেকর্ড বক্স অফিস কালেকশন। সন্ধ্যা মুখোপাধ্যায়ের "জানিনা ফুরাবে কবে এই পথ চলা" গানটি শ্রোতাদের মনে দাগ কেটেছিল। কেরিয়ারের প্রথম দশকে ত্রিশটির মত ছবির সঙ্গীত পরিচালনা করে রবীন চট্টোপাধ্যায় এক নম্বরেই থাকলেন। সাফল্যের বিচারে মোট তিন দশকের কেরিয়ারে প্রত্যেক দশকের ছবির সংখ্যা কাছাকাছি। তবে যত পরিণত হয়েছেন, তত গুণমান বেড়েছে, এটা হওয়াই স্বাভাবিক। ১৯৫৫ সাল আর একটি কারণে গুরুত্বপূর্ণ। এই সময়েই ছবির নায়িকারা আধুনিক হয়ে উঠছিলেন। ততদিন পর্যন্ত ট্যাবু "লাভ ম্যারেজ" আর তার অবিচ্ছেদ্য অনুসঙ্গ কোর্টশিপ ছবির আকর্ষণ বাড়িয়ে দিয়েছিল। ধুতি তখনও ডমিন্যান্ট। তবে প্যান্ট ধীরে ধীরে অনুপ্রবেশ করছিল। মেয়েদের ছোট ঘোমটাও অদৃশ্য হবার মুখে। ফলশ্রুতি গানের ভাষার পরিবর্তন। সুরে আধুনিকতার ছাপ আর লাইটিং মেক আপ প্রভৃতি গৌণ ক্ষেত্রে আরও অধিক মনোযোগ। তবুও বাঙলা সিনেমা বহু পিছিয়ে থাকলো। ক্যামেরা, লাইট, মেক আপ সবেতেই। আটপৌরে বৈচিত্রহীন চিত্রায়ন। কার্যত চল্লিশের দশক থেকে পঞ্চাশের দশকে প্রগতি খুব বেশী হয়নি।

তাঁর কেরিয়ারে দ্বিতীয় দশক ১৯৫৬ সাল থেকে ১৯৬৫ সাল পর্যন্ত ধরলে, রবীনবাবুর কাজের গতি প্রায় একই রকম ছিল বলা যায় না। কাজের পরিমাণ আরও বেড়ে গেল। যাঁরা রবীনবাবুর সুরের ধারাটি অনুসরণ করেছেন বা অনুধাবন করেছেন, তাঁরা বুঝতে পারবেন, যে আধুনিক গানের সুরের ক্ষেত্রে রবীনবাবুর ওপর অনুপম ঘটকের প্রভাব খুব বেশী। তাঁর সহকারী থাকার জন্য শুধু নয়। মানসিকতার দিক থেকেও কিছুটা ব্যতিক্রমী অনুপম ঘটক রবীনবাবুর সব চেয়ে কাছাকাছি। রবীনবাবুর চড়া সুর বা অহেতুক অর্কেস্ট্রেশনে রুচি ছিল না। হয়তো জনপ্রিয়তা হারাবার ভয়ে খুব বেশী পরীক্ষা নিরীক্ষাও করতেন না। তখনকার রক্ষণশীল সমাজের কথা ভেবে, রবীন্দ্রসঙ্গীতের অসামান্য জনপ্রিয়তা দেখে তিনি তাঁর জানা জগতেই সুরের রচনা করতেন। খুব বেশী আধুনিক হবার চেষ্টা করতেন না। এতে ১৯৬০ এর দশকে তাঁর বাজার ছোট হয়ে যায়। এমনিতেও এই সময় থেকে বাঙালী সমাজ এবং চলচ্চিত্র অবক্ষয়ের শিকার হতে থাকে। তাঁর জুনিয়র সুরকার কয়েকজন একই সঙ্গে মাঠে নেমে পড়েন। এঁরা প্রত্যেকেই নিজস্বতায় ঋদ্ধ, এবং দু একজন ব্যতিক্রমী চিন্তাধারার বাহক। আর এই সময় বাঙলা আধুনিক গান এক লাফে অনেকটা আধুনিক হয়ে যায় অর্কেস্ট্রেশনে পরিবর্তনের কারণে। পাশ্চাত্য সঙ্গীতে শিক্ষিত ভি বালসারা বাঙলা গানে ব্যাপক অ্যাকর্ডিয়ানের ব্যবহার আর বঙ্গো কঙ্গো গিটার ম্যাণ্ডোলিন ও অন্যান্য পাশ্চাত্য যন্ত্র প্রয়োগ করে প্রিলিউড আর ইন্টারলিউডে বিপ্লব ঘটিয়ে দিলেন। এই সময় থেকেই গ্যাপগুলি সুন্দরভাবে কভার করা হচ্ছিল। সব মিলে একঘেয়েমি অনেকটাই কেটে যাচ্ছিল। বম্বের সফল সঙ্গীত পরিচালক সলিল চৌধুরী তাঁর পাশ্চাত্য সিম্ফনি নির্ভর রচনাগুলি ভারতীয় আঙ্গিকে সুন্দর প্রয়োগ করছিলেন। হেমন্ত মুখোপাধ্যায়ের বম্বে চিত্রজগতে সাফল্য তাঁকে দেশী আঙ্গিকে আরও সুন্দর সুন্দর সুর রচনা করতে উৎসাহ প্রদান করে। তিনি কিছুদিনের মধ্যেই বাঙলা চিত্রজগতের সর্বাধিক সফল সঙ্গীত পরিচালক হয়ে উঠবেন তার নিদর্শন এই সময়েই দেখা যাচ্ছিল। আর বিদেশী মিউজিক ডিগ্রীধারী সুধীন দাশগুপ্ত বাঙলার কোমলতা আর পাশ্চাত্য বিট নির্ভর সুরজগতের সুন্দর পাঞ্চ ও সহাবস্থান ব্যবহার করে যুগান্তকারী সব সুরের সৃষ্টি করছিলেন। রবীনবাবুর সুরকে এই সব বিভিন্নতার নিরিখে অনেকে আটপৌরে মনে করতেন। কিন্তু তা সত্তেও রবীনবাবুর দুই তৃতীয়াংশ গানই হিট। এই রেকর্ড খুব কম কমপোজারের আছে। তিনি তাঁর গায়ক গায়িকাদের সীমাবদ্ধতার মধ্যে রেখে সেই প্রতিষ্ঠিত ধারাটিতে সুর সংযোজন করতেন। তাতে ফ্লপ করার ভয় কম ছিল। আবার বৈপ্লবিক কিছুও হয়ে ওঠেনি। অর্কেস্ট্রার জগতে রবীনবাবু কোন যন্ত্র বা তার ব্যবহারিক প্রয়োগের সম্ভাবনা সম্বন্ধে অনবহিত ছিলেন না। তিনি সব পাশ্চাত্য যন্ত্রই ব্যবহার করেছেন। কিন্তু

সিচুয়েশনকে অতিক্রম করে বা অসঙ্গত ভাবে সেগুলির প্রয়োগ করতে তিনি উৎসাহী ছিলেন না। তাঁর আর একটা কারণ হলো, রবীনবাবুর প্রযোজকরা সামাজিক ছবি বেশী করেছেন, যার অধিকাংশই আবার গ্রাম সমাজের গল্প। সেখানে সুযোগ ছিল না অতি আধুনিক হবার। সে যুগে নায়ক নায়িকা খোলা জায়গায় একজন আর এক জনের হাত ধরেছেন সেটা ভাবতেই পরিচালকের ভয় হতো। বেশীর ভাগ সাহিত্য নির্ভর ছবিই নিম্নমধ্যবিত্ত সমাজের গল্প নিয়ে। সেখানে জ্যাজ গীটার বা স্যাক্স বাজিয়ে ধুন্ধুমার করার সুযোগ কোথায়। নাচের ব্যাপার বাঙলা ছবিতে প্রায় "নো নো"। নাচ না থাকলে তাল নির্ভর গান হয় না। যা হয় তাই করতেন রবীন বাবু। আটপৌরে বাঙলা ছবির জগতে মোটামুটি সুরেলা কণ্ঠসঙ্গীতের প্রয়োগ। তবে ব্যাকগ্রাউণ্ড মিউজিকে অনেক পরীক্ষা নিরীক্ষা করেছেন তিনি। এখানেও কোন সময়েই তিনি তাঁর গুরু তিমিরবরণের প্রভাবের বাইরে আসতে পারেন নি। অনুপম তিমিরবরণ যুগল রবীন চট্টোপাধ্যায়ের মনের সুরের জগতে যে পরিবেশ তৈরী করেছিল, তারই সম্যক প্রয়োগ করে তিনি একের পর এক হিট ছবিতে সঙ্গীতের ধারাটি সচল রেখেছেন, যুগের সঙ্গে ধীরে ধীরে অ্যাডজাষ্ট করে।

বিয়ের পর রবীন চট্টোপাধ্যায়ের সংসারের দায়িত্ব বেড়ে গেল। এই সময়ে তিনি রত্নদীপ ছবিটির সাফল্যের ফলশ্রুতি হিসাবে বম্বে চলচ্চিত্র জগত থেকে ডাক পেলেন। তিনি বম্বে কলকাতা করতে করতে কয়েকটি ছবির সঙ্গীত পরিচালনার কাজ করলেন। তার মধ্যে দুটি ছবি মুক্তি পেয়েছিল "মজবুরি" ও "আফ্রিকা"। ছবি দুটি যথাক্রমে ১৯৫৩ ও ১৯৫৪ সালে তৈরী হয়। মজবুরি ১৯৫৪ সালের প্রথমে মুক্তি পায়। আফ্রিকা কবে মুক্তি পেয়েছিল জানা যায়নি। মজবুরিতে বলরাজ সাহনী ও শ্যামা মুখ্য চরিত্রে অভিনয় করেন। চরিত্রাভিনেতা জীবনও গুরুত্বপূর্ণ ভূমিকায় ছিলেন। দুটি ছবিতে রবীনবাবু তালাত মাহমুদ, আশা ভোঁসলে, মনোরমা, মীনা কাপুরকে দিয়ে গানগুলি গাওয়ান। গানগুলি এখনও প্রচলিত। তবে এ কথা বলতে বাধা নেই যে দুটি ছবিই তখন যে নতুন ভাবধারা তার প্রতিনিধিত্ব করে না। কিছুটা পুরোনো ঢঙেই গানগুলি রচিত হয়েছিল। এক কথায় বলা চলে হিন্দী চিত্রজগতে রবীনবাবু আশানুরূপ সাফল্য লাভ করতে পারলেন না। এদিকে পরিবারের দায়িত্ব পালনে অসুবিধা হচ্ছিল। বাঙলা সিনেমার কাজে সময় কম দেওয়ার জন্য তাঁর সঙ্গীত পরিচালনায় নির্মিত বাঙলা সিনেমার সংখ্যা কমে গেল। কার্যত বন্ধ হয়ে গেল। সব দিক চিন্তা করে রবীনবাবু বাঙলা চিত্রজগতেই আবার মনোনিবেশ করলেন। ১৯৫৫ সালে আবার পাঁচ পাঁচটি ছবি মুক্তি পেল। পরে অবশ্য একটি ভোজপুরী ছবিতে সঙ্গীত পরিচালনা করেছিলেন রবীন চট্টোপাধ্যায়। সে কথা পরে বলা যাবে। পঞ্চাশের দশকের মাঝামাঝি সময়ে রবীন আবার একটি সমস্যায় পড়ে বেশে নাজেহাল হয়ে গেলেন। বাবার মৃত্যুর পরে ভাইয়ে ভাইয়ে বনিবনার অভাবে তাঁদের ২২/বি প্রতাপাদিত্য রোডের পৈত্রিক বাড়ীটি বিক্রী করে দিতে হল। নিশ্চিত আশ্রয় ছেড়ে ভাড়া বাড়ীর সন্ধানের বার হতে হল রবীন চট্টোপাধ্যায়কে। নিজ মালিকানার বাড়ীতে থাকার সৌভাগ্য এর পড়ে আর হয়নি রবীনের। যথেষ্ট আর্থিক সামর্থ্য থাকলেও, রানিং ইনকাম প্রচুর হলেও শুধুমাত্র সময়ের অভাবে নিজের বাড়ী করার সুযোগ আর হয়তি রবীনবাবুর। বাকী জীবনটা তিনি ভাড়া বাড়ীতেই কাটালেন। তাও এক জায়গায় নয়। পাঁচ ছ জায়গায় থাকতে হয়েছিল তাঁকে। প্রথমেই বাড়ী নিলেন কর্মস্থলের কাছে মুর অ্যাভিনিউতে। বেশ কিছুদিন কাটানোর পর স্থানভাবের কারণে উঠে এলেন অল্প দূরে রিজেণ্ট পার্কের একটি বাড়ীতে। মেজাজী মানুষ রবীনবাবুর সব কিছু যে পছন্দসই হয়েছিল তা বলা যাবে না। দেখতে দেখতে একদিন এ বাড়ীও ছেড়ে দিলেন। উঠে গেলেন লেক গার্ডেনস্ অঞ্চলে। কিছুদিন এখানে ছিলেন তিনি এও কালক্রমে অপরিসর মনে হতে লাগল। আবার তল্পি তল্পা গুটিয়ে চলে গেলেন অপেক্ষাকৃত অভিজাত এলাকা যোধপুর পার্কে। বেশ কিছু দিন ছিলেন তিনি এই নতুন জনপদটিতে। একেবারে শেষ জীবনে চলে যান যাদবপুর অঞ্চলে রাইপুর রোডে। এই বাড়ীতেই শেষ পর্যন্ত তিনি সপরিবারে বাস করেছেন।

সে যুগের সর্বাপেক্ষা বিখ্যাত সুরকার রবীন চট্টোপাধ্যায় নিজের বাড়ী করেন নি বা তাঁর ভাল গাড়ী ছিল না এসব সকলের কাছেই আশ্চর্য লাগে। তাঁর পারিশ্রমিকের পরিমাণ সকলের জানা, তাঁর মোট আয় কত ছিল তাও কল্পনার বিষয় নয়। ছবি করেছেন সকলের থেকে বেশী সংখ্যায়। পারিশ্রমিকও সর্বোচ্চ। তাহলে তাঁর আয়ও সর্বাধিক ছিল, এ কথা নির্দ্বিধায় বলা যায়। তাঁকে যারা কাছ থেকে দেখেনি তাঁরা মনে করেন রবীনবাবু টাকাপয়সা উড়িয়েছেন। টাকা ওড়ানোর সঙ্গে স্বাভাবিকভাবে জড়িত দুই একটি দোষও তাঁর থেকে থাকবে। কিন্তু এই ধারণা সম্পূর্ণ ভুল। রবীনবাবু একেবারেই সাধারণ সংসারী মানুষ ছিলেন। তাঁর পানদোষ ছিল বলতে পারে এমন কেউ নেই। কেউ তাঁর কাছে ঘেঁষতেই পারত না। তাঁর ব্যক্তিগত দোষগুণ বিচার করার মত সাহচর্য কেউ পায়নি। তাঁর মৃত্যুর পরবর্তী তিন দশকে সমসাময়িক যাঁরা জীবিত ছিলেন, তাঁদের মধ্যে একজনও তাঁর ব্যক্তিগত বন্ধু বলে দাবী করতে পারেননি। তাঁর সবচেয়ে কাছের মানুষ সন্ধ্যা মুখোপাধ্যায়। তাঁর সৃষ্টির উৎকর্ষও বাড়িয়েছেন সন্ধ্যা। তিনিই একমাত্র মানুষ যিনি রবীনবাবুকে সুর পছন্দ হচ্ছে না বলার সাহস রাখতেন। সে সন্ধ্যাও তাঁর স্মৃতি চারণায় রবীনবাবুকে নির্দোষ গুণী মানুষ বলে শ্রদ্ধা জানিয়েছেন। সংসারে এত কম সময় দিতেন রবীনবাবু যে দৈনন্দিন খরচা বা পরিবারের প্রয়োজন সম্বন্ধে কোন চিন্তা তাঁর ছিল না। স্ত্রী অঞ্জলি দেবী সব করেছেন। রবীনবাবু অবশ্যই অর্থের অভাব ঘটতে দেননি। মেজাজী মানুষ রবীনবাবুর দরাজ মন এবং দানের হাতও দরাজ ছিল। সহকর্মী, অ্যামেচার শিল্পী, ভিক্ষুক সকলকেই তিনি টাকাপয়সা দিয়ে সাহায্য করতেন। আর টাকা খরচা করতেন গানবাজনার সামগ্রী কিনতে ও কিনে দিতে। এত দানধ্যান করলেও কখনই তিনি অসচ্ছল হয়ে যাননি। তাঁর যথেষ্ট সঞ্চয়ও ছিল। পর পর কতকগুলি ব্যবসায়িক এবং সামাজিক কারণে কোথায় বাড়ী করবেন এসব ঠিক করতে করতেই তাঁর জীবনাবসান ঘটে। নকশাল সমস্যায় পীড়িত কলকাতার কোন অঞ্চলেই তিনি বাস করার কথা ভাবতে পারেননি। পরিস্থিতির উন্নতি হওয়ার পর যাদবপুরের দিকেই মনোযোগ দিয়েছিলেন। তবে তা কার্যে পরিণত করার সময় পাননি তিনি। তাঁর গাড়ীর সখ বা লোক দেখান বড়মানুষী করার শখ ছিল না। কাজ করতে করতে তিনি এসব ভাবার সময় পাননি। ব্যবসা করা, যেমন স্টুডিও বানানো বা শিল্পীর দল বানানো এসব কিছুই তাঁর পছন্দের ব্যাপার ছিল না। তিনি লোকজন নিয়ে গান তৈরী, সিনেমার ব্যাকগ্রাউণ্ড স্কোর তৈরী এসবই ভাল বাসতেন। সেই কাজ করতে করতেই তাঁর জীবন শেষ।

যাই হোক হিন্দীর হাতছানি কাটিয়ে উঠে রবীনবাবু ১৯৫৪ সালে স্বমহিমায় বাঙলা সিনেমার সঙ্গীত পরিচালনার কাজে ফিরে এলেন। ১৯৫৫ সালে ছটি ছবি উপহার দিলেন বাঙালীকে। নিশ্চিন্ত করলেন তাঁর প্রিয় প্রযোজক ও পরিচালকদের। কাজের গতি বাড়িয়ে চললেন রবীন চট্টোপাধ্যায়। পরের বছর ১৯৫৬তে সাতটি ছবির চারটি ব্লক বাস্টার। বাকী তিনটিও বক্স অফিসে সফল। মামলার ফল ছবিটি দর্শকদের যথেষ্ট ভাল লেগেছিল। মহানিশা অনুরূপা দেবীর কাহিনীর সফল চিত্ররূপ। ভালই চলেছিল ছবিটি। সন্ধ্যা মুখোপাধ্যায়ের গাওয়া তিনটি গানই সুখশ্রাব্য। ধনঞ্জয় একটি বিবেকের গান গেয়েছিলেন। উত্তম সুচিত্রার ছবি সাগরিকা আর শিল্পী। দুটি ছবিই ক্লাসিকের মর্যাদা পেয়েছে। অগ্রগামী পরিচালিত দুটি ছবিতেই অনেকগুলি গান ছিল। গানগুলি সবই হিট। সাগরিকায় সন্ধ্যা মুখোপাধ্যায়ের কণ্ঠে সব কটি গানই জনপ্রিয় হয়েছিল। অন্য মেজাজের "আমরা মেডিক্যাল কলেজেই পড়ি" জনপ্রিয়তায় পিছিয়ে ছিল না। শিল্পীতে কাহিনীর বিন্যাস অন্য রকম। গানের ভাবও আলাদা। তবে সন্ধ্যা মুখোপাধ্যায়ের দুটি গানই সুখশ্রাব্য। সাহেব বিবি গোলাম বিমল মিত্রের কাহিনীর বিশ্বসনীয় চিত্ররূপ। উত্তমকুমারের অভিনয় তত গুরুত্বপূর্ণ না হলেও কাহিনীটি ফুটিয়ে তোলার কাজে তার ভূমিকা অনস্বীকার্য। বিভিন্ন ধরণের গান দিয়ে সিচুয়েশনকে ঋদ্ধ করেছেন রবীন চট্টোপাধ্যায়। ধনঞ্জয়ের রাগপ্রধান ও সন্ধ্যা মুখোপাধ্যায়ের ঠুমরি অনবদ্য। আলপনা বন্দ্যোপাধ্যায়কেও সুন্দর ব্যবহার করেছেন রবীন। সুপ্রীতি ঘোষ একটি সুন্দর গান গেয়েছেন এই ছবিতে। ছবির জনপ্রিয়তার

সঙ্গে পাল্লা দিয়ে গানগুলিও সমান জনপ্রিয় হয়েছিল। ১৯৫৬ সালের সেরা হিট গান "আমার স্বপ্নে দেখা রাজকন্যা থাকে" শ্যামল মিত্রের কণ্ঠে। সাগরিকা ছবির এই গানটি আজও সমান জনপ্রিয়। ১৯৫৭ সালে রবীনবাবুর সঙ্গীত পরিচালনায় পাঁচটি ছবি মুক্তি পায়। অভয়ের বিয়ে আর চন্দ্রনাথ দুটি ছবিই খুব ভাল চলেছিল। চন্দ্রনাথ ছবির সব গানই হিট। অভয়ের বিয়ে ছবির গানগুলিও সমান জনপ্রিয় হয়েছিল। গানের প্রসঙ্গে হারজিৎ ছবিটিও সমান গুরুত্বপূর্ণ। সন্ধ্যা মুখোপাধ্যায়ের দুটি গান আর এ কানন ও প্রসূন বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে সন্ধ্যার গাওয়া বন্দিশটি খুবই সুখশ্রাব্য। যাত্র হলো শুরুর "যাদু ভরে নয়না তোরে" গানটি সন্ধ্যা মুখোপাধ্যায় একেবারে সঠিক ঢঙে পরিবেশন করেছেন। পথে হল দেরী উত্তম সুচিত্রার সিনেমা। রবীন মনপ্রাণ দিয়ে ছবির গানগুলি তৈরী করলেন। পাঁচটি গানই সুপার হিট। আলপনার গানটি তাঁকে পরিণত শিল্পীর মর্যাদা এনে দিল। উল্লেখ্য এই ছবিতে আংশিক হলেও প্রথম কালার রঙীন ফিল্মের ব্যবহার হয়। সিঁদুর ছবিতে গানের সংখ্যা কত এ নিয়ে মতভেদ আছে। রেকর্ডে দুটি মাত্র পাওয়া যায়। ১৯৫৭ সালের সিনেমার গানগুলির মধ্যে "ওই রাজার দুলালী সীতা বনবাসে যায় রে" অত্যন্ত জনপ্রিয় হয়েছিল। ১৯৫৮তে একটি ছবি তানসেন মুক্তি পায়। ছবিটি পুরোপুরি মিউজিক্যাল। শাস্ত্রীয় সঙ্গীতে রবীনবাবুর প্রথাগত ট্রেনিং কম থাকলেও তিনি বড় বড় ওস্তাদদের দিয়ে গান গাওয়ালেন। ভীমসেন যোশী, এ কানন, প্রসূন বন্দ্যোপাধ্যায়। তার সঙ্গে পুরাতন সঙ্গী ধনঞ্জয় ভট্টাচার্য। পুরোপুরি খেয়ালাঙ্গ বন্দিশগুলি সুন্দরভাবে উপস্থাপনা করেছিলেন রবীন বন্দ্যোপাধ্যায়। এক সময় দিনরাত তিনি এই একটি ছবির কাজেই লেগে থাকতেন। ১৯৫৯ সালে তিনটি ছবির মধ্যে শরৎচন্দ্রের কাহিনী অবলম্বনে নির্মিত নীরেন লাহিড়ীর ছবি "ছবি" সম্ভবতঃ মুক্তি পায়নি। প্রতিমা, আলপনা ও শ্যামল মিত্রের কণ্ঠে চারটি গান ছিল এই ছবিতে। গানগুলি এখনও পাওয়া যায়নি। জল জঙ্গলে সব গানই হিট হেমন্তের কণ্ঠে "আমি যারে স্বপন দেখি" ও "কত ফুল ফুটেছে গৌরীচাঁপার বনে" অতি জনপ্রিয় গান। কিন্তু সন্ধ্যা মুখোপাধ্যায়ের কণ্ঠে "চোখে চোখে কথা কও" আরও সুন্দর। লালু ভুলু ১০০% মিউজিক্যাল। মানবেন্দ্রর কণ্ঠে সব কটি গান আর মানবেন্দ্র প্রতিমার দ্বৈত সঙ্গীত আজও ঘরে ঘরে বাজে। ১৯৬০ সালে রবীন চট্টোপাধ্যায়ের সঙ্গীত পরিচালনায় পাঁচটি ছবি হয়েছিল। এর মধ্যে উত্তর মেঘ ছবিটি উত্তম সুপ্রিয়া অভিনীত জনপ্রিয় ছবি হলেও গান মাত্র একটি ছিল ধনঞ্জয়ের কণ্ঠে। স্মৃতিটুকু থাক ছবিতে দুটি গান সন্ধ্যা মুখোপাধ্যায়ের কণ্ঠে। সুচিত্রা সেন এই ছবিতে ডবল রোল করেন। বাকী তিনটি ছবি "শুন বরনারী", "ইন্দ্রধনু" ও "শহরের ইতিকথা"য় চারটি করে গান ছিল প্রতিটি গানই হিট। ব্যক্তিজীবনে রবীনবাবু দুই কন্যার পিতা হয়েছেন ইতিমধ্যে। তাঁর সুন্দর ভরা সংসারেও কাজের চাপে বেশী সময় দিতে পারতেন না তিনি। শুক্লা ও কৃষ্ণা বড় হল তাদের মায়ের যত্নে। বাবার সঙ্গ পাওয়া তাদের ভাগ্যে খুব একটা ঘটেনি।

পরের পাঁচ বছরে সমাজ আরও আধুনিক হয়ে উঠল। উদ্বাস্তুরা সেট হয়ে গিয়ে বাঙালী মধ্যবিত্তের সংখ্যা অনেকটাই বাড়িয়ে দিল। বেশ কিছু কাহিনী নির্ভর ঝকঝকে ছবি তৈরী হয়েছিল এই সময়। কিছু পরিচালক এই সময় কেরিয়ারের চরমে পৌঁছলেন। কলকাতা ধীরে ধীরে সাহেবদের প্রভাব কাটিয়ে অনেকটাই বাঙালী প্রাধান্য ফিরে পাচ্ছিল। কিন্তু পোষাকে ধুতি পাঞ্জাবী তার কৌলিন্য হারাচ্ছিল। শাড়ী আক্রান্ত হয় আরও দশ পনের বছর পরে। এই পরিবর্তনশীল সমাজের চাহিদার অনুরূপ সুর সৃষ্টি করতে নিজেকে ঢেলে সাজিয়েছেন রবীন চট্টোপাধ্যায়। নিজের হাতে তৈরী ক্যালকাটা অর্কেষ্ট্রার পরিবর্তে অমর দত্ত বা টোপাদার নেতৃত্বে বা পরিচালনায় সুর ও শ্রী অর্কেষ্ট্রাতে আরও যন্ত্রী যোগ হল। তাঁর অ্যারেঞ্জারের কাজ অমর দত্তই অনেকটা সামলে দিতে থাকলেন। ব্যক্তি জীবনে পুত্রলাভ করলেন রবীন চট্টোপাধ্যায়। একমাত্র ছেলে সোমনাথের জন্ম হল এই সময়ে। ১৯৬১ তে "কেরী সাহেবের মুন্সী" ছবিতে সন্ধ্যার দুটি গানের মধ্যে "ননদিনী বোলো নগরে" পুরাতনী গানটি এক কথায় সুপার্ব। ছবিতে আরও দুটি সিচুয়েশন নির্ভর গান ছিল। সেগুলিও সুখশ্রাব্য। ১৯৬২তে পাঁচটি ছবি হয়েছিল রবীনবাবুর সঙ্গীত

পরিচালনায়। উত্তম সুচিত্রার "বিপাশা' সুপার হিট ছবি। চারটি গানের মধ্যে সন্ধ্যার কণ্ঠে দুটি গানই হিট। বাকী দুটি গানও সুখশ্রাব্য। "অভিসারিকা" ছবিতে দুটি গান ছিল ছবিটির মত গানগুলিও মোটামুটি ভাল। "অগ্নিশিখা" ছবির দুটি গানই সুন্দর। সন্ধ্যার গানটি সুখশ্রাব্য। "কাজল" সিনেমার সন্ধ্যার দুটি ও শ্যামলের একটি গান খুবই জনপ্রিয় হয়েছিল। মায়ার সংসার ছবিটি এই বছরের শ্রেষ্ঠ ছবি। রবীন বাবু হেমন্তকে দিয়ে চারটি গান করিয়েছিলেন। প্রতিমার সঙ্গে তাঁর একটি দ্বৈতসঙ্গীত ছিল। আর ছিল শ্যামলের একটি আর সন্ধ্যা মুখোপাধ্যায়ের কণ্ঠে একটি। সব কটি গানই কালজয়ী। আজও শোনেন সকলে। ১৯৬৩ সালে সাতটি ছবি হয়েছিল রবীনবাবুর। "আকাশপ্রদীপ" ছবিতে তিনটি গান। দুটি শ্যামল মিত্রের কণ্ঠে। দুটিই কালজয়ী। আজও সমান জনপ্রিয় "পান চাই পান" আর "মাগো অমন করে ডেক না আমায়"। অন্য গানটি প্রতিমার কণ্ঠে এবং যথেষ্ট সুখশ্রাব্য। "অবশেষে" ছবিটি মৃণাল সেন পরিচালিত। গানের কথা জানা নেই। "দ্বীপের নাম টিয়ারঙ" শ্যামল মিত্রের কণ্ঠে তিনটি গানই হিট। প্রতিমার গানটিও সুন্দর। "শ্রেয়সী" ছবিতে সন্ধ্যার একটি ও প্রতিমার দুটি গান। সবগুলি সুখশ্রাব্য। উত্তম সুপ্রিয়ার হিট ছবি সুর্যশিখাতে দুটি গান একটি হেমন্ত মুখোপাধ্যায়ের আর একটি সন্ধ্যা মুখোপাধ্যায়ের। দুটি গানই হিট। সুচিত্রা সেনের ডাবল রোল ছিল "উত্তর ফাল্গুনী ছবিতে"। কয়েকটি বন্দিশ সন্ধ্যা মুখোপাধ্যায়ের কণ্ঠে সুন্দরভাবে পরিবেশন করেছিলেন রবীন চট্টোপাধ্যায়। উত্তরায়ন ছবিতে দুটি গান, একটি সন্ধ্যার; অন্যটি তাঁরই প্রতিমার সঙ্গে দ্বৈতকণ্ঠে। ১৯৬৪তে তাঁর চারটি ছবি হয়েছিল তার একটি ভোজপুরী। ভোজপুরী ছবিটি হল সঁইয়া সে ভইল মিলনবা। ভোজপুরী ছবির ইতিহাসে এটি দ্বিতীয় ছবি। সুজিতকুমার ও সাইদা খানম অভিনীত। ছবিটিতে সুমন কল্যানপুর ও মহঃ রফির গান ছিল। সুমনের একটি গান "নির্মোহী দাগা দেকে গয়ো"এখন পর্যন্ত পাওয়া গেছে। সন্ধ্যা মুখোপাধ্যায় ও আশা ভোঁসলেকে দিয়েও এই ছবির গান রেকর্ড করিয়েছিলেন রবীনবাবু। সেগুলি ছবিতে ছিল কিনা বা রেকর্ড বেড়িয়েছিল কিনা তা আজ আর জানার উপায় নেই। "দীপ নেভে নাই" ছবিতে শুধু একটি গান। হেমন্ত মুখোপাধ্যায়ের কণ্ঠে। "কে তুমি" ছবিতে তিনটি গান ছিল। দুটি সন্ধ্যার কণ্ঠে হিট গান। অন্যটি ইলা বসুর কণ্ঠে। মোটামুটি ভাল। "মোমের আলো" ছবিতে সন্ধ্যা মুখোপাধ্যায়ের একটি সুন্দর গান ছিল। এই ছবিতে সুবীর সেন অভিনয় করেছিলেন। তাঁর কণ্ঠে দুটি গান ছিল। আর একটি গান ছিল কৃষ্ণা মুখোপাধ্যায়ের কণ্ঠে। ১৯৬৪ রবীন বাবুর অ্যাভারেজ পারফর্ম্যান্সের বছর। ১৯৬৫ সালে "জয়া" ছবিতে হেমন্ত মুখোপাধ্যায়ের কণ্ঠে চারটি হিট গান উপহার দিলেন রবীন চট্টোপাধ্যায়। তাছাড়া সন্ধ্যা-হেমন্ত ও সন্ধ্যা-মানবেন্দ্র'র কণ্ঠে দুটি গান খুবই জনপ্রিয় হয়েছিল। জীবনীছবি রাজা রামমোহন তে গান তেমন কিছু ছিল না। রাজা রামমোহনের রচিত "নিখিল নিরঞ্জন" মানবেন্দ্র গেয়েছিলেন। সন্ধ্যা মুখোপাধ্যায়ের কণ্ঠে "মাধব বহুত মিনতি করি তোয়" উঁচু স্কেলে গাওয়াতে লালিত্য নষ্ট হয়েছে। সঙের গান "ব্যাটা সুরাই মেলের কুল" মিণ্টু দাশগুপ্ত সুন্দর গেয়েছেন। দেবতার দীপ ছবিতে গান ছিল কিন্তু তা এখন আর পাওয়া যায় না। ১৯৫৬ থেকে ১৯৬৫ এই এক দশক রবীন চট্টোপাধ্যায়ের জীবনের শ্রেষ্ঠ সময়। চল্লিশটি ছবিতে সুর দিয়েছেন এই সময়কালে।

১৯৬৬ সালে দুটি ছবি হয়েছিল রবীনবাবুর। উত্তম সুপ্রিয়া অভিনীত "শুধু একটি বছর" সুপার হিট ছবি। হেমন্ত মুখোপাধ্যায়ের কণ্ঠে চারটি সুপার হিট গান আর সন্ধ্যার একটি সুন্দর গান ছাড়া অতিরিক্ত হলো শিপ্রা বসুর গাওয়া বিয়ের গান "দে সুপারি আর তাতে (পাঠান্তর আলতা দে) খয়ের ছাঁচি পান"। এই বছরের অন্য ছবি "হারানো প্রেম"। প্রতিমাকে দিয়ে তিনটি অতি সুন্দর গান গাওয়ালেন রবীনবাবু। ১৯৬৭ সালে দুটি মাত্র ছবি। গৃহদাহ শরৎচন্দ্রের সামাজিক উপন্যাস: অভিনয়ে উত্তম সুচিত্রা সঙ্গে প্রদীপকুমার সাবিত্রী। হেমন্ত মুখোপাধ্যায়ের কণ্ঠে একটি পালকী বওয়ার গান ছিল খুবই মৌলিক ধরণের। আর ছিল সুমিত্রা সেনের রবীন্দ্রসঙ্গীত "এ দিন আজি কোন ঘরে গো"। ছবিতে দেড় মিনিটের গান শিপ্রা বসুর "তুলসী তুলসী নারায়ণ" একেবারে মর্মস্পর্শী। এই বছরের অন্য ছবিটি প্রস্তর সাক্ষর। শিপ্রা বসুর কণ্ঠে একটি ও আরতি মুখোপাধ্যায়ের কণ্ঠে

একটি করে সুন্দর গান ছিল এই ছবিতে। সন্ধ্যা মুখোপাধ্যায়ের গাওয়া গানটি কঠিন সুরের জালে বাঁধা। আর ছিল শ্যামলের গলায় একটি সুন্দর গান। ১৯৬৮ সালে শুধু একটি ছবি করেন রবীন চট্টোপাধ্যায়। বৌদি ছবির চারটি গানই হিট। শিপ্রা বসুর শিশুকণ্ঠে গান ও সন্ধ্যার কণ্ঠে "আনমনা এই মন" গান দুটি ভিন্ন ভিন্ন স্বাদের। মানবেন্দ্র দুটি ভিন্ন স্বাদের গান গেয়েছেন। চটুলটিতে "বব করা চুল দুলিয়ে বেড়ায় সোসাইটিতে" কথাগুলি অনবদ্য। ১৯৬৯ সালে চারটি ছবি হয়েছিল। আঁধার সূর্যতে প্রতিমার একটি ধনঞ্জয়ের একটি ও নির্মলা মিশ্রর একটি গান ছিল। গানগুলি সুখশ্রাব্য। "আরোগ্য নিকেতন" ছবিতে সন্ধ্যা মুখোপাধ্যায়ের কণ্ঠে "বাজে না নূপুর কেন" আর আরতি মুখোপাধ্যায়ের কণ্ঠে "কেন বন কোয়েলা ডাকে" গান দুটি সুপার হিট। হেমন্ত মুখোপাধ্যায়ের স্বমহিমার প্রতিষ্ঠিত রবীন্দ্রসঙ্গীত "জীবন যখন শুকায়ে যায়" আর একবার শোনার সুযোগ করে দিলেন রবীনবাবু। অপরিচিত ছবিতে দুটি গানই সন্ধ্যা মুখোপাধ্যায়ের কণ্ঠে। দুটিই হিট, একটিতে সহশিল্পী সুবীর সেন। বছরের চতুর্থ ছবি কমললতা রবীনবাবুর আর একটি মিউজিক্যাল। হেমন্ত মুখোপাধ্যায়ের কণ্ঠে সাতটি কীর্তনাঙ্গ গানে মাত করে দিলেন রবীনবাবু। সন্ধ্যা ও শ্যামলের দ্বৈতকণ্ঠে "সে বিনে আর জানে না" অতীব মধুর। সন্ধ্যা মুখোপাধ্যায়ের আর একটি গান কীর্তনাঙ্গ "তোমার গরবে গরবিনী হাম" হৃদয় জয় করে নিল সকলের। ১৯৭০ সালের একমাত্র ছবি "কলঙ্কিত নায়কে" দুটি গান ছিল। একটি মান্না দের আর একটি মান্না দে ও বাসবী নন্দীর কণ্ঠে। দুটি গানই সুখশ্রাব্য। ১৯৭১ সালের দুটি ছবির মধ্যে "প্রথম বসন্ত" ছবির কোন গান পাওয়া যাচ্ছে না। অন্য ছবিটি হল "খুঁজে বেড়াই"। তিনটি গানের দুটি আধুনিক। মান্না দে ও আরতি মুখোপাধ্যায়ের কণ্ঠে গান দুটি হিট। অন্যটি হেমন্ত মুখোপাধ্যায়ের রবীন্দ্রসঙ্গীত। ১৯৭২ সালের দুটি ছবি। "নায়িকার ভূমিকায়" ছবিতে সন্ধ্যা মুখোপাধ্যায়ের কণ্ঠে দুটি হিট গান। আর অনুপ ঘোষালের কণ্ঠে "এক যে আছে কন্যা"। "অপর্ণা" ছবিতে চারটি গান ছিল আরতি মুখোপাধ্যায়, শিপ্রা বসু, রবীন বন্দ্যোপাধ্যায় ও বনশ্রী সেনগুপ্তর কণ্ঠে। এর পর আর দুটি ছবি করেছিলেন রবীনবাবু। "দুরন্ত জয়" ১৯৭৩ সালে। এই ছবিতে তিনটি গান ছিল। তরুণ বন্দ্যোপাধ্যায়, অনুপ ঘোষাল আর সন্ধ্যা মুখোপাধ্যায়ের কণ্ঠে। তিনটি গানই হিট। তবে সন্ধ্যা মুখোপাধ্যায়ের কণ্ঠে "আমায় বাসন্তী শাড়ী এনে দে" পুরোনো রবীন বন্দ্যোপাধ্যায়কে মনে করিয়ে দেয়। শেষ ছবি "চাঁদের কাছাকাছি"। উত্তমকুমার ও মিঠু মুখোপাধ্যায় অভিনীত ছবিটি ১৯৭৬ সালে মুক্তি পায়। দুটি গান ছিল আরতি মুখোপাধ্যায়ের কণ্ঠে। মোটামুটি ভাল গান।

